তারিখ ··· 20 DEC 1995
পৃষ্ঠা ··· ৮ ··· কলাম ··· ৫

দৈনিক বাংলা

116

# নুবান আহমদের উপর হামলায় ভার্সিটি শিক্ষক সমিতির উদ্বেগ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অর্থনীতি বিভাগের প্রভাষক নুবান আহমদের উপর হামলায় গভীর উদ্বেগ প্রকাশ করে ,ঘটনার তদন্ত জাতীয় গোয়েন্দা সংস্থার ওপর ন্যস্ত করার দাবী জানিয়েছে।

মঙ্গলবার অধ্যাপক এ টি এম জহুরুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষক সমিতির এক জরুরী সভায় এই দাবী জানান হয়। সভায় হামলার প্রতিবাদে ২৩ ডিসেম্বর দুপুর ১২টায় সন্ত্রাসবিরোধী মৌন মিছিল করার সিদ্ধান্ত নেয়া হয়। ঐদিন মিছিলের আগে শিক্ষক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

## আমান-খোকন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন মঙ্গলবার এক যুক্ত বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক নুবান আহমদের ওপর হামলাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেছেন।